

কেন যামিনী না যেতে জাগালে না, বেলা হল মরি লাজে ।
 শরমে জড়িত চরণে কেমনে চলিব পথেরি মাঝে ।
 আলোকপরশে মরমে মরিয়া হেরো গো শেফালি পড়িছে ঝরিয়া,
 কোনোমতে আছে পরান ধরিয়া কামিনী শিথিল সাজে ॥
 নিবিয়া বাঁচিল নিশার প্রদীপ উষার বাতাস লাগি,
 রজনীর শশী গগনের কোণে লুকায় শরণ মাগি ।
 পাখি ডাকি বলে 'গেল বিভাবরী', বধু চলে জলে লইয়া গাগরি ।
 আমি এ আকুল কবরী আবারি কেমনে যাইব কাজে ॥

Parjaay: Prem, Taal: Ektaal, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail